# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৪৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ঋতুবতী নারী যখন পবিত্র হবে, তখন তার জন্য বৈধ আছে ঋতুস্রাব চলাকালিন সময়ের সালাত আদায় না করা

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْحَائِضِ إِذَا طَهُرَتْ تَرْكَهَا أَدَاءَ الصَّلَوَاتِ الَّتِي تَرَكَتْ فِي أَيَّامِ حَيْضَتِهَا

আরবী

1346 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلَيَّةَ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ مُعَاذَةَ أَنَّ امْرَأَةً سَأَلَتْ عَائِشَةَ قَالَتْ: أَتَقْضِي الْحَائِضُ الصَّلَاةَ؟ فَقَالَتْ: أَحَرُورِيَّةٌ أَنْتِ؟ قَدْ كُنَّا نَحِيضُ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَا نَقْضِي وَلَا نُؤمر بقضاء.

الراوي : مُعَاذَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1346 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৪৬. মু‘আযাহ (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “এক নারী আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করেন, “ঋতুবতী নারী কি সালাত কাযা করবে?” জবাবে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “তুমি কি হারুরী (খারেজী) মহিলা? আমাদের তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সময়ে ঋতুস্রাব হতো, কিন্তু আমরা সালাত কাযা করতাম না এবং আমাদেরকে কাযা করার নির্দেশও দেওয়া হতো না।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ১/১৯১; ইবনুল জারুদ, আল মুনতাকা: ১০১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১২৭৮; আবূ আওয়ানা: ১/৩২৪; সুনান বাইহকী: ১/৩০৮; সহীহ মুসলিম: ৩৩৫; আবূ আওয়ানা: ১/৩২৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৩৯; ইবনু মাজাহ: ৬৩১; মুসনাদ আহমাদ: ৬/৯৪; সহীহ আল বুখারী: ৩২১; আত তায়ালিসী: ১৫৭০; আবূ আওয়ানা: ১/৩২৪; সহীহ মুসলিম: ৩৩৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আযাহ আল 'আদাবিয়্যাহ (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90660

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন